

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং

প্রশিঅ(পওমু)/NAC-০৭/২০১১/৪০৫০ (৫৬৮)/০০০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪১৮
০৯ আগস্ট ২০১১

বিষয়: ২০১২ সাল থেকে পর্যায়ক্রমে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্ন (Test Item) সংযোজন।

বিষয়োল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এখন থেকে শিক্ষকগণ যাতে যোগ্যতাভিত্তিক প্রশ্ন তৈরীর অভ্যাস করে এবং শ্রেণীকক্ষে তাদের প্রণীত প্রশ্ন অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীদের পরীক্ষাভীতি দূরীকরণসহ তাঁরা যেন অন্ততঃ ৩য় থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল বিষয়ের সকল পরীক্ষা (শ্রেণি পরীক্ষাসহ সাপ্তাহিক, মাসিক, সাময়িক, মডেল টেস্ট এবং বার্ষিক পরীক্ষায়) যোগ্যতাভিত্তিক প্রশ্নের মাধ্যমে নিয়মিতভাবে পরিচালন করে তা যথাযথ পরিবীক্ষণ করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত জানাতে "২০১২ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ২৫ ভাগ যোগ্যতাভিত্তিক প্রশ্ন (Test Items) সংযোজনে বিদ্যালয় পর্যায়ে আমাদের করণীয়" সম্পর্কিত অনানুষ্ঠানিক পত্র এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এ পত্রটি প্রতিটি বিদ্যালয় এবং সংশ্লিষ্ট দপ্তরগুলো যাতে খুব দ্রুত পায় তা নিশ্চিত করতে হবে।

২. কাজটি সহজতর করতে অনানুষ্ঠানিক পত্রের সঙ্গে সংযুক্ত কেবল ৫ম শ্রেণির প্রতি বিষয়ের ১০টি করে নমুনা প্রশ্নও (MCQ Test Items) এতদসঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত প্রশ্নগুলোর মধ্যে প্রত্যেক শিখনফলের বিপরীতে ২টি করে প্রশ্ন (Test Items) রয়েছে। এ ২টি প্রশ্নের মধ্যে একটি সবল এবং অপরটি দুর্বল। যে প্রশ্নটি (Test Item) সবল উহা সবল হওয়ার স্বপক্ষে যেমন সংশ্লিষ্ট বিষয় শিক্ষক তাঁর যুক্তি বলবেন, তেমনই প্রশ্নটি (Test Item) দুর্বল হওয়ার স্বপক্ষেও তিনি তাঁর যুক্তি বলবেন। নিজে নিজে যোগ্যতাভিত্তিক প্রশ্ন তৈরীর সময় শিক্ষকগণ যেন নমুনা প্রশ্নে ব্যবহৃত ছক অনুসরণপূর্বক যোগ্যতাভিত্তিক প্রশ্ন তৈরী করে তাও নিশ্চিত করতে হবে। শিক্ষক প্রণীত এসকল প্রশ্নের মান যাচাই করে প্রতি বিষয়ের ২জন করে প্রতি উপজেলা থেকে ৫ (পাঁচ) বিষয়ের মোট ১০জন শিক্ষকের একটি কোর গ্রুপ তৈরীপূর্বক তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় তাদেরকে প্রশিক্ষিত করা হবে।

৩. বিষয়োল্লিখিত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পরিবীক্ষণ সূচি অনুযায়ী nacdpe@gmail.com মাধ্যমে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার্থে নিজেকে আন্তরিকভাবে সম্পৃক্ত করতে তাঁকে অনুরোধ করা হলো;

ক্র	কার্যক্রম বাস্তবায়নের ধাপসমূহ	সমাপ্তির তারিখ	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	পরিবীক্ষণ
১.	প্রত্যেক UEO বরাবর নমুনা প্রশ্ন প্রেরণ	২৩.০৮.২০১১	DPEO	NAC
২.	প্রত্যেক বিদ্যালয়ের সকল শিক্ষককে নমুনা প্রশ্ন প্রেরণ	১৩.০৯.২০১১	UEO/AUEO	DPEO
৩.	নমুনা প্রশ্নের উপর সকল বিষয় শিক্ষকের মতামত গ্রহণ	১৩.১০.২০১১	AUEO	UEO
৪.	AUEO এবং Asstt. Instructor, URC কর্তৃক শিক্ষকদের মতামত পর্যালোচনা এবং UEO সমীপে প্রতিবেদন উপস্থাপন	২৮.১০.২০১১	AUEO	DPEO
৫.	UEO এবং URC Instructor কর্তৃক AUEO এবং Asstt. Instructor-দের মতামত পর্যালোচনা এবং DPEO-কে প্রেরণ	১৩.১১.২০১১	UEO	DPEO
৬.	DPEO এবং Superintendent কর্তৃক PTI Instructor-দের সহায়তায় UEO থেকে প্রাপ্ত মতামত পর্যালোচনাকরণ এবং NAC-এ email: nacdpe@gmail.com যোগে প্রেরণ	২৮.১১.২০১১	DPEO	Divisional Deputy Director

৪. বিষয়টি অতীব জরুরি ও জনগুরুত্বপূর্ণ

শ্যামল কান্ত ঘোষ
মহাপরিচালক

বিতরণ:

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা।

২। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা, জেলা

অনুলিপি কার্যার্থে:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ।

২। সুপারিনটেন্ডেন্ট (সকল), পিটিআই।

৩। ইন্সট্রাক্টর (সকল), ইউআরসি, জেলা